একটাই লক্ষ্য
হতে হবে দক্ষ।

# বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

৮/সি, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।
www.bteb.gov.bd

স্মারক নং: ৫৭.১৭.০০০০.৪০৪.০১.০০১.২৪-৫১২ /১২৮

তারিখ : ১৮ আশ্বিন, ১৪৩১ বঙ্গাব্দ
৩ অক্টোবর ২০২৪ খ্রি.

প্রাপক : পরিচালক/অধ্যক্ষ
গোপালগঞ্জ মডেল পলিটেকনিক ইন্সটিটিউট
গ্রাম/মহল্লাঃ ঘোষের চর, ইসলাম পাড়া, পোস্টঃ গোপালগঞ্জ, উপজেলাঃ গোপালগঞ্জ, জেলাঃ গোপালগঞ্জ।

প্রতিষ্ঠান কোড: ৪৫০২১

বিষয় : অ্যাডভান্সড সার্টিফিকেট কোর্স (১ বছর মেয়াদি) শিক্ষাক্রমের পাঠদানের অনুমতি প্রদান প্রসঙ্গে।

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের চেয়ারম্যান মহোদয়ের অনুমোদনক্রমে আপনার প্রতিষ্ঠানে অ্যাডভান্সড সার্টিফিকেট কোর্স (১ বছর মেয়াদি) শিক্ষাক্রম পরিচালনার জন্য নিম্নলিখিত টেকনোলজি ও বর্ণিত আসনে নীতিমালা অনুযায়ী প্রয়োজনীয় শর্তাবলি আরোপপূর্বক সাময়িকভাবে ০১ (এক) বছরের জন্য পাঠদানের অনুমতি প্রদান করা হলো।

| ক্রমিক নং | টেকনোলজি কোড | টেকনোলজির নাম | আসন সংখ্যা |
|---|---|---|---|
| ১. | ২২ | কম্পিউটার টেকনোলজি | ৪০ |

শর্তাবলি:

১. বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের অধীনে অ্যাডভান্সড সার্টিফিকেট কোর্স (১ বছর মেয়াদি) শিক্ষাক্রম পরিচালনার লক্ষ্যে বেসরকারি কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান পাঠদান ও স্বীকৃতি প্রদান সংক্রান্ত বিদ্যমান নীতিমালায় বর্ণিত জনবল কাঠামো অনুসারে উক্ত শিক্ষাক্রম পরিচালনাকারী শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষক/কর্মচারী নিয়োগ করতে হবে। সময় সময় সরকার কর্তৃক জারীকৃত আদেশাবলি প্রযোজ্য হবে। একাডেমিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার স্বার্থে প্রতিষ্ঠানটিকে জনবল কাঠামো অনুসারে যোগ্য শিক্ষক-কর্মচারী নিয়োগ করতে হবে এবং প্রতিষ্ঠানের নিজস্ব তহবিল থেকে বেতন-ভাতাদি প্রদান করতে হবে। কোনোভাবেই সরকারের এমপিও দাবি করা যাবে না;
২. বোর্ড প্রণীত ভর্তির নীতিমালা অনুযায়ী শিক্ষার্থী ভর্তির ব্যবস্থা করতে হবে;
৩. বোর্ড কর্তৃক প্রণীত/পরিমার্জিত পাঠ্যক্রম অনুসরণ করতে হবে;
৪. শিক্ষাবর্ষ শুরুর পূর্বেই বোর্ড প্রণীত প্রবিধান অনুসারে ক্লাসরুটিন প্রণয়ন করে যথাযথভাবে ক্লাস পরিচালনা করতে হবে। রুটিনের এক কপি বোর্ডের কারিকুলাম বিভাগের সংশ্লিষ্ট শাখায় জমা দিতে হবে;
৫. শিক্ষার্থীকে দক্ষ টেকনিশিয়ান/কারিগর/মানব সম্পদ হিসেবে গড়ে তোলার লক্ষ্যে ব্যবহারিক ক্লাস পরিচালনার বিষয়টি নিশ্চিত করতে হবে;
৬. বোর্ড প্রণীত প্রবিধান অনুসারে তাত্ত্বিক ও ব্যবহারিক অংশের ধারাবাহিক মূল্যায়ন যথাযথভাবে সম্পন্ন করতে হবে এবং রেকর্ডসমূহ সংরক্ষণ করতে হবে;
৭. ব্যবহারিক ক্লাস সুষ্ঠুভাবে পরিচালনার স্বার্থে ব্যবহারিক ল্যাব/ওয়ার্কশপে প্রয়োজনীয় দ্রব্যাদি নিশ্চিত করতে হবে। এ লক্ষ্যে প্রতিষ্ঠানকে ব্যবস্থাপনা কমিটির অনুমোদন সাপেক্ষে বছরের শুরুতে বাজেট প্রণয়ন করতে হবে;
৮. নীতিমালা অনুসারে প্রয়োজনীয় সংখ্যক যন্ত্রপাতি ল্যাবে সুসজ্জিতকরণ, যন্ত্রপাতি রক্ষণাবেক্ষণ এবং ল্যাব সর্বদা ব্যবহার উপযোগী রাখতে হবে;
৯. বোর্ড কর্তৃক অনুমোদিত শিক্ষাক্রম বাস্তবায়ন প্রবিধান ও নম্বর বিন্যাস অনুযায়ী পরীক্ষা অনুষ্ঠান ও মূল্যায়ন ব্যবস্থা গ্রহণ করতে হবে;
১০. অনুমোদনপ্রাপ্ত প্রতিষ্ঠানে যথাযথ শিক্ষণ-শিখন কার্যক্রম পরিচালনার জন্য প্রতিষ্ঠানে কর্মরত শিক্ষক-কর্মচারীদের প্রয়োজনে পেশাগত প্রশিক্ষণ গ্রহণের ব্যবস্থা করতে হবে;
১১. বোর্ড নির্ধারিত রেজিস্ট্রেশন ফি সহ অন্যান্য ফি যথা নিয়মে প্রদান করতে হবে;
১২. পাঠদানের অনুমতি প্রাপ্তির পর প্রতিষ্ঠানকে শিক্ষার্থী ভর্তির পূর্বে বোর্ডের নির্ধারিত অ্যাফিলিয়েশন ফি প্রদান করতে হবে। পাঠদানের অনুমতিপ্রাপ্ত প্রতিষ্ঠানকে প্রতিবছর প্রতি টেকনোলজির জন্য অনুমতির মেয়াদ নবায়নের জন্য বোর্ডের নির্ধারিত ফি প্রদান করতে হবে। প্রতিষ্ঠানের বিদ্যমান শিক্ষার্থী, ফলাফল, অবকাঠামো, শিক্ষক-কর্মচারী নিয়োগ, ব্যবস্থাপনা কমিটি, আসবাবপত্র, যন্ত্রপাতি, পাঠদানের অনুমতি প্রদানকালে আরোপিত এবং অন্যান্য প্রযোজ্য শর্তাবলি পূরণ সাপেক্ষে পাঠদানের অনুমতির মেয়াদ পরবর্তী ০১ (এক) বছরের জন্য নবায়ন করা হবে;
১৩. বেসরকারি কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা কমিটি প্রবিধানমালা, ২০০৯ (এস আর ও নং ২৬৭-আইন/২০০৯) অনুযায়ী পাঠদানের অনুমতি প্রাপ্তির ০১ (এক) মাসের মধ্যে একটি সাংগঠনিক কমিটি গঠন করে বোর্ডের অনুমোদন গ্রহণ করতে হবে। এ কমিটির মেয়াদ হবে তার প্রথম সভার তারিখ হতে পরবর্তী ০৩ (তিন) বছর। পরবর্তীকালে ব্যবস্থাপনা কমিটি গঠন করতে হবে;
১৪. প্রতিষ্ঠানের বিদ্যমান আসনের ৭৫% পরীক্ষার্থী ফাইনাল পরীক্ষায় অংশগ্রহণ করে অংশগ্রহণকারী পরিক্ষার্থীর ৫০% উত্তীর্ণ হলে টেকনোলজি সংযোজন ও ব্যাচ/শিফট বৃদ্ধির নিমিত্ত আবেদনের জন্য প্রাথমিকভাবে যোগ্য বিবেচিত হবে। সেক্ষেত্রে বিদ্যমান অবকাঠামো/শিক্ষক এবং ক্লাসরুম বৃদ্ধি করতে হবে। টেকনোলজি সংযোজনের ক্ষেত্রে প্রয়োজনীয় ফ্লোর স্পেস ও যন্ত্রপাতি থাকতে হবে;
১৫. পাঠদানের অনুমতিপ্রাপ্ত প্রতিষ্ঠান সরকারের অনুমতি ব্যতিরেকে প্রতিষ্ঠানের নাম ও স্থান পরিবর্তন করতে পারবে না। এর ব্যত্যয় হলে সরকার সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের পাঠদান অনুমতি বাতিল/প্রত্যাহার করতে পারবে। তবে এক্ষেত্রে নীতিমালায় উল্লিখিত স্থান ও নাম পরিবর্তনের শর্তপূরণ সাপেক্ষে স্থান ও নাম পরিবর্তন করা যাবে;
১৬. অনুমোদন ব্যতিরেকে প্রতিষ্ঠানের ঠিকানা পরিবর্তন করা হলে সরকারের অনুমোদনক্রমে বোর্ড সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের অনুমোদন বাতিল/প্রত্যাহার করতে পারবে;
১৭. প্রতিষ্ঠান অনুমোদন প্রদানকালে আরোপিত ও অনুমোদিত নীতিমালার শর্তসমূহ পূরণে ব্যর্থ হলে এবং সময় সময় বোর্ড/সরকার কর্তৃক জারিকৃত বিধি-বিধান, নীতিমালা ও নির্দেশাবলি পালন করতে ব্যর্থ হলে সরকারের অনুমোদনক্রমে বোর্ড সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের অনুমোদন বাতিল কিংবা প্রত্যাহার করতে পারবে;
১৮. অফিস আদেশ জারির তারিখ হতে আগামী ১৫ কর্মদিবসের মধ্যে উক্ত প্রতিষ্ঠানকে প্রতিষ্ঠানের নামে নিজস্ব ওয়েবসাইট খুলতে হবে। ওয়েবসাইটের ঠিকানা/লিংক সংশ্লিষ্ট দপ্তরে সফট কপি ও হার্ড কপি প্রদান করতে হবে;
১৯. বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের অধীনে অ্যাডভান্সড সার্টিফিকেট কোর্স (১ বছর মেয়াদি) শিক্ষাক্রম পরিচালনার লক্ষ্যে বেসরকারি কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান পাঠদান ও স্বীকৃতি প্রদান সংক্রান্ত বিদ্যমান নীতিমালা অনুসরণ করতে হবে।

বি: দ্র: উল্লিখিত শর্ত/শর্তসমূহ পূরণে ব্যর্থ হলে বিধি অনুসারে সাময়িকভাবে প্রাথমিক পাঠদানের অনুমতি/অ্যাফিলিয়েশন বাতিলসহ অন্যান্য ব্যবস্থা গ্রহণ করা হবে।

০৬.১০.২৪

(প্রকৌ. বি.এম. আমিনুল ইসলাম)
পরিদর্শক
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা
ই-মেইল: inspector@bteb.gov.bd

স্মারক নং ৫৭.১৭.০০০০.৪০৪.০১.০০১.২৪-৫১২(১২) /১২৮

তারিখ: ৩ অক্টোবর ২০২৪ খ্রি

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নাও হতে পারে):

১। উপসচিব (কারিগরি-৩), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
২। জেলা প্রশাসক, গোপালগঞ্জ।
৩। উপজেলা নির্বাহী অফিসার, গোপালগঞ্জ।
৪। সচিব, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৫। পরীক্ষা নিয়ন্ত্রক, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা (উল্লিখিত শিক্ষা প্রতিষ্ঠানের পরীক্ষা সংক্রান্ত যাবতীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
৬। পরিচালক (কারিকুলাম)/পরিচালক (আইটিসি), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৭। উপসচিব (প্রশাসন), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা। ২০২৪-২০২৫ অর্থ বছর হতে উল্লিখিত শিক্ষা প্রতিষ্ঠানের নিকট হতে সংশ্লিষ্ট শিক্ষাক্রমের অনুমোদিত টেকনোলজির অ্যাফিলিয়েশন ফি আদায়ে ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
৮। উপসচিব (রেজিস্ট্রেশন), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা। ২০২৫ সালের জানুয়ারি-ডিসেম্বর সেশন থেকে উল্লিখিত শিক্ষা প্রতিষ্ঠানের সংশ্লিষ্ট শিক্ষাক্রমের শিক্ষার্থীদের ভর্তি ও রেজিস্ট্রেশন সম্পন্ন করার জন্য অনুরোধ করা হলো।
৯। সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা। (পত্রটি বোর্ডের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।
১০। কারিকুলাম বিশেষজ্ঞ (শর্ট কোর্স), শর্ট কোর্স শাখা, কারিকুলাম বিভাগ, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১১। পি ও টু চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১২। অফিস কপি।

৩/১০/২০২৪

(প্রকৌশলী মোহাম্মদ সামসুল আলম)
উপপরিদর্শক (শর্ট কোর্স)
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
ই-মেইল: dishort.bteb@gmail.com